শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৭.১৪-৩৬০ তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৬ / ১৮ জুলাই ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্টে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৩৩৭/১৯ (রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ হতে উদ্ভূত) এর আদেশের প্রেক্ষিতে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর এমপিও ২০০৯-১০ অর্থবছর হতে প্রদান।

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.৫৭.১৪৯১ তারিখ: ১১.০৭.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়। পরবর্তীতে চূড়ান্ত তালিকা হতে প্রতিষ্ঠানটির নাম বাদ পড়ায় সংক্ষুব্ধ হয়ে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ দায়ের করা হয়।

০২। রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৭.০৭.১৪ খ্রি. তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়:
"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

০৩। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৭২৪/১৫ দায়ের করা হলে তা ২৬.০৭.১৫ খ্রি. তারিখে খারিজ হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের ২৬.০৭.১৫ তারিখের আদেশটি নিম্নরূপ:

"The leave petition is out of time by 244 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation"

০৪। পরবর্তীতে উক্ত আদেশের প্রেক্ষিতে DTE এর এমপিও শাখা হতে বর্ণিত প্রতিষ্ঠানের জনবল এমপিওভুক্ত করা হয়। উল্লেখ্য, উক্ত প্রতিষ্ঠান শিক্ষা মন্ত্রণালয়ের এমপিওভুক্তকরণের সরকারি আদেশে ২নং অনুচ্ছেদের ৬নং শর্তে "এমপিওভুক্তির এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে" মর্মে উল্লেখ রয়েছে।

০৫। পিটিশনার জনাব মো: আশরাফ আলী কর্তৃক মহামান্য হাইকোর্টের আদেশ মোতাবেক পিটিশনারগণের আর্থিক সুবিধাদি ২০০৯-১০ অর্থবছর হতে প্রাপ্তির নিমিত্ত মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩৩৭/১৯ (রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ হতে উদ্ভূত) দায়ের করা হয়।

০৬। উক্ত কনটেম্পট মামলায় ১৭.০৬.১৯ খ্রি. তারিখে নিম্নরূপ আদেশ দেয়া হয়: --as to why a rule should not be issued calling upon the respondent-contemnors as to why they should not be punished for committing contempt of court for non-compliance judgment and order dated 17.7.14 passed by the high court division in W.P. No. 4937 of 2014 and/or pass such other or further order or orders passed as to this court may seem fit and proper উক্ত কনটেম্পট মামলার রুলে Let the matter be appeared in the list on 15.07.2019 for order উল্লেখ করা হয়েছে।

০৭। উক্ত কনটেম্পট মামলায় ১নং Contemnor- Respondents হলেন যথাক্রমে মো: আলমগীর, সচিব, TMED, শিক্ষা মন্ত্রণালয় এবং ২নং Contemnor- Respondents রওনক মাহমুদ, মহাপরিচালক, DTE.

০৮। উল্লেখ্য, হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর অধ্যক্ষ জনাব মো: আশরাফ আলী কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ এর রায়/আদেশে বর্ণিত প্রতিষ্ঠানটির এমপিও ২০০৯-১০ অর্থবছর হতে কার্যকরের নির্দেশনা রয়েছে।

০৯। এ অবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৩৭/১৯ (রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ হতে উদ্ভূত) মামলার পিটিশনার কর্তৃক দাবীকৃত ২০০৯-১০ অর্থবছর হতে বেতন ভাতাদি (এমপিও) প্রদানের বিষয়ে নির্দেশনা দেয়ার জন্য সূত্রমূলে TMED কে অনুরোধ করা হয়েছে।

১০। এক্ষণে, কনটেম্পট মামলার জবাব প্রদানের লক্ষে এবং এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত নিম্নোক্ত বিষয়গুলো স্পষ্ট হওয়া প্রয়োজন:
ক. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২১.১০.১৫ খ্রি. তারিখে হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর এমপিওভুক্তির আদেশ জারি করা হয়েছে। সেমতে DTE কর্তৃক মার্চ/১৬ মাসে এমপিও চালু করা হয়। উক্ত সময়ের পার্থক্যের বিষয়ে আবেদনকারীর কোন আপত্তি ছিল কিনা?

খ. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এমপিওভুক্তির বিষয়ে জারিকৃত আদেশে স্পষ্টভাবে উল্লেখ ছিল যে, "এমপিওভুক্তির এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে"। সুতরাং এমপিওভুক্তির আদেশ হয়েছে ২১.১০.১৫ খ্রি. তারিখে যা মহামান্য হাইকোর্টের আদেশের অনুরূপ ছিল না। এমপিওভুক্তির আদেশ কোর্টের আদেশের অনুরূপ না হওয়া সত্ত্বেও মন্ত্রণালয়ের আদেশের (এমপিওভুক্তি বিষয়ে) বিষয়ে আবেদনকারীর কোন আপত্তি ছিল কীনা?

গ. এমপিওভুক্তির আদেশের দীর্ঘ ০৪ বছর পর বকেয়া প্রাপ্তির (আবেদনকারী কর্তৃক) জন্য আবেদন করার কারণ কী?
ঘ বকেয়া প্রাপ্তির আবেদন দেরীতে করার কারণে আইনগত সুবিধা/অসুবিধাগুলো কী কী?

.১১। এমতাবস্থায়, উপরিউক্ত তথ্যগুলোর বিষয়ে আগামী ২৫.০৭.১৯ খ্রি. তারিখের মধ্যে জবাব টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
কারিরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৭.১৪-৩৬০/১(৬) তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৬ / ১৮ জুলাই ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। অতিরিক্ত সচিব (প্রশা: ও উন্ন:/কারিগরি/মাদ্রাসা/) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অধ্যক্ষ, হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, ডাক-ছাতনী রাউতারা, উপজেলা-হাকিমপুর, জেলা-দিনাজপুর।
৭। অফিস কপি/মাস্টার কপি।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)